# স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ফিলিস্তিনের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ




ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসেফ এস. ওয়াই. রামাদান। বৃহস্পতিবার (২ জুলাই) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে মন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশ ও ফিলিস্তিনের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়, আইনশৃঙ্খলা ও নিরাপত্তা সহযোগিতা এবং বাংলাদেশে অধ্যয়নরত ফিলিস্তিনি শিক্ষার্থীদের ভিসা প্রক্রিয়া সহজ করার বিষয় নিয়ে আলোচনা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ফিলিস্তিনের স্বাধীনতা ও সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠার দাবির প্রতি বাংলাদেশের সমর্থন দীর্ঘদিনের। তিনি উল্লেখ করেন, এ বিষয়ে বাংলাদেশের অবস্থান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

LENS ASIA

বৈঠকে ফিলিস্তিনের রাষ্ট্রদূত বাংলাদেশে অধ্যয়নরত ফিলিস্তিনি শিক্ষার্থীদের জন্য অন-অ্যারাইভাল ভিসা সুবিধা সহজ করার অনুরোধ জানান। এ বিষয়ে প্রয়োজনীয় প্রক্রিয়া এগিয়ে নিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দেন স্বরাষ্ট্রমন্ত্রী। পাশাপাশি তিনি বিষয়টি আনুষ্ঠানিকভাবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে জানাতে রাষ্ট্রদূতকে অনুরোধ করেন।

রাষ্ট্রদূত আরও প্রস্তাব দেন, মধ্যপ্রাচ্যে অবস্থিত বাংলাদেশ মিশনগুলোতে ফিলিস্তিনি নাগরিকদের ভিসা আবেদনের কপি যাচাইয়ের জন্য ঢাকার ফিলিস্তিন দূতাবাসে পাঠানো হলে প্রক্রিয়াটি আরও কার্যকর হবে।

বৈঠকে সামাজিক যোগাযোগমাধ্যমে বাংলাদেশবিরোধী অপপ্রচার নিয়েও কথা হয়। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশের ভাবমূর্তি ক্ষুন্নের উদ্দেশ্যে পরিচালিত সাইবার অপপ্রচার ও অপরাধের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে এবং দায়ীদের দ্রুত শনাক্ত করে বিচারের আওতায় আনা হবে।

বৈঠকের শুরুতে রাষ্ট্রদূত স্বরাষ্ট্রমন্ত্রীকে নতুন দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান। এ সময় দুই দেশের সংশ্লিষ্ট কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।